দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 APR 2013
পৃষ্ঠা ১৫ কলাম ৩

# ইইউতে ৯৭ শিক্ষার্থী পেল উপাচার্য সম্মাননা

ইস্টার্ন ইউনিভার্সিটিতে (ইইউ) ২১ এপ্রিল উপাচার্য সম্মাননা সনদ প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুর রব ৯৭ কৃতী শিক্ষার্থীর মাঝে এই সনদ বিতরণ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আবদুল হান্নান চৌধুরী, স্কুল অব আর্টস এর ডীন অধ্যাপক ড. কাশিনাথ রায়, স্কুল অব বিজনেস এডমিনিস্ট্রেশনের ডীন অধ্যাপক ড. শরীফ নুরুল আহকাম প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার মেজর জেনারেল কাজী আশফাক আহমেদ (অব)। -বিজ্ঞপ্তি